

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

Web: www.banbeis.gov.bd




স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৮০-২০২০/ ২৬৬৬

তারিখ: ২০ পৌষ ১৪২৭
০৪ জানুয়ারি ২০২১

বিষয় : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি ২০২০ এর প্রতিবেদন প্রকাশে শুমারি পরবর্তী যাচাই জরিপ (পিইসি) এর আওতায় তথ্যসংগ্রহ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পাদনকৃত বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি (APSC) ২০২০ এর প্রাথমিক স্তরের সকল প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে। গুণগত মান সম্পন্ন তথ্য প্রস্তুতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো জরিপ পরবর্তী যাচাই জরিপ (পিইসি) পরিচালনা করা। বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি (APSC) ২০২০ এর জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ কার্যক্রম ব্যানবেইস কর্তৃক পরিচালিত হবে। সে লক্ষ্যে দৈবচয়নের মাধ্যমে বহুস্তর নমুনা পদ্ধতি অনুসরণ করে দেশের মোট ১৭ টি উপজেলা/থানা থেকে মোট ৫১ টি ইউনিয়ন/ওয়ার্ড এর প্রাথমিক বিদ্যালয় থেকে তথ্য সংগ্রহের জন্য নির্বাচন করা হয়। জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহের জন্য ব্যানবেইস কর্তৃক তথ্যসংগ্রহকারী নিয়োগ করা হয়েছে। নিয়োগকৃত তথ্যসংগ্রহকারী স্বশরীরে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট রেজিস্ট্রার/রেকর্ড যাচাই করে জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ করবেন।

২। বর্ণিতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বর্ণিত ও চাহিত তথ্য প্রদান ও তথ্যসংগ্রহকারীকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(হাবিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৬৫৪৫৭

E-mail: dg@banbeis.gov.bd

প্রধান শিক্ষক

.....

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
- ৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার, উপজেলা:, জেলা:
- ৬। অফিস নথি।